



শেখ রাসেল স্কুল এন্ড কলেজ

SHEIKH RUSSEL SCHOOL & COLLEGE

জেলা প্রশাসন ফরিদপুর কর্তৃক প্রতিষ্ঠিত ও পরিচালিত

হাউজিং এস্টেট, ফরিদপুর-৭৮০৪

মোবাইল : ০১৩২৫-১২৪২২৮

E-mail : sheikhrusselschoolandcollege22@gmail.com

নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখঃ ০১-০৯-২০২২ খ্রি:

জেলা প্রশাসন, ফরিদপুর কর্তৃক প্রতিষ্ঠিত ও পরিচালিত “শেখ রাসেল স্কুল এন্ড কলেজ” এর জন্য গ্রে-গ্রুপ থেকে ৯ম শ্রেণি পর্যন্ত আধুনিক প্রযুক্তি ব্যবহার করে পাঠদানে সক্ষম উপযুক্ত শিক্ষক নিয়োগ দেওয়া হবে।

ক্র. নং	পদের নাম ও বেতন স্কেল	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মন্তব্য
১।	সহকারী শিক্ষক (ইংরেজি)	১	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইংরেজি বিষয়ে ৪ বৎসর মেয়াদী অনার্স/অনার্সসহ মাস্টার্স পাস।	২০২৩ শিক্ষাবর্ষ হতে একাডেমিক কার্যক্রম শুরু হলে প্রতিষ্ঠানের নিজস্ব বিধি মোতাবেক আলোচনা সাপেক্ষে বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা নির্ধারিত হবে। প্রতিষ্ঠানের আর্থিক সক্ষমতা সাপেক্ষে নির্ধারিত বেতন স্কেল/গ্রেড অনুযায়ী প্রদান করা হবে। সকল পদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩৫ বছর। সকল পদের প্রার্থীর এম এস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্টসহ আইসিটি দক্ষতা থাকতে হবে এবং অনর্গল ইংরেজিতে কথা বলতে সক্ষম প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি হতে পারে।
২।	সহকারী শিক্ষক (বাংলা)	১	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাংলা বিষয়ে ৪ বৎসর মেয়াদী অনার্স/অনার্সসহ মাস্টার্স পাস।	
৩।	সহকারী শিক্ষক (গণিত)	১	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিত বিষয়ে ৪ বৎসর মেয়াদী অনার্স/অনার্সসহ মাস্টার্স পাস।	
৪।	সহকারী শিক্ষক (বিজ্ঞান)	৩	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ/রসায়ন/ জীববিজ্ঞান/ উদ্ভিদবিজ্ঞান বিষয়ে ৪ বৎসর মেয়াদী অনার্স/ অনার্সসহ মাস্টার্স পাস। প্রার্থীকে বিজ্ঞান বিষয়ক বিভিন্ন উদ্ভাবন ও প্রকল্প তৈরিতে পারদর্শী হতে হবে।	
৫	সহকারী শিক্ষক (ব্যবসায়ী ও ব্যবস্থাপনা)	১	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবসায়ী ও ব্যবস্থাপনা বিষয়ে ৪ বৎসর মেয়াদী অনার্স/অনার্সসহ মাস্টার্স পাস।	
৬	সহকারী শিক্ষক (সাধারণ)	৪	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে ৪ বৎসর মেয়াদী অনার্স/অনার্সসহ মাস্টার্স পাস।	
৭	সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি)	১	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ বৎসর মেয়াদী অনার্স/ অনার্সসহ মাস্টার্স পাস। মাইক্রোসফট অফিস প্রোগ্রাম, গ্রাফিক্স ডিজাইনিং ও এ্যানিমেশন, ভিডিও এডিটিং, সাইবার ক্রাইম প্রতিরোধ, সোশ্যাল মিডিয়া নেটওয়ার্কিং এ দক্ষতা থাকতে হবে।	

চ্যালেঞ্জ গ্রহণে আগ্রহী ও উদ্যমী এবং শিক্ষকতার মত মহান পেশায় ব্রত, উত্তম চরিত্রের অধিকারী, অধুমপায়ী ও মূল্যবোধ সচেতন প্রার্থীগণ ০৩ কপি পাসপোর্ট সাইজ ছবি, মোবাইল নম্বর, বৈবাহিক অবস্থা, উচ্চতা, প্রার্থীর বয়স ও প্রযোজ্য ক্ষেত্রে পারদর্শিতার বিষয় উল্লেখ পূর্বক পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ, জাতীয় পরিচয়পত্র ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত অনুলিপি সহ আবেদনপত্র অধ্যক্ষ, শেখ রাসেল স্কুল এন্ড কলেজ, ফরিদপুর এর নিকট সরাসরি/ডাকযোগে আগামী ২০-০৯-২০২২খ্রি: তারিখের মধ্যে পৌছাতে হবে। আগামী ২৩-০৯-২০২২ খ্রি: তারিখে সকাল ১০.০০ ঘটিকায় তারারমেলা ঈশান মেমোরিয়াল স্কুল ফরিদপুরে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় জিনিসপত্র (খাতা ব্যতীত) সঙ্গে নিয়ে আসতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা ২৪-০৯-২০২২ খ্রি: তারিখ জেলা প্রশাসকের কার্যালয়ে সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। নতুন করে কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ কোন প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ কিংবা চাকরি প্রদানের নিশ্চয়তা বহন করে না। নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন রকম তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে এবং উক্ত প্রার্থীর প্রার্থিতাও সরাসরি অগ্রহণযোগ্য হবে। প্রয়োজনে : ০১৩২৫-১২৪২২৮

স্বাক্ষরিত

সভাপতি

শেখ রাসেল স্কুল এন্ড কলেজ

ফরিদপুর।